দর্শনায় মাঠ দিবস অনুষ্ঠিত

ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে ও পিকেএসএফ এর সহায়তায় পারকৃষ্ণপুর - মদনা ইউনিয়নে মৎসজীবিদের নিয়ে আধা নিবিড় পদ্ধতিতে কার্প জাতীয় মাছের উন্নয়ন ও মোটাতাজাকরনের পদ্ধতি ও প্রযুক্তি নিয়ে মাছ চাষের অভিজ্ঞতা বিনিময় ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকালে পারকৃষ্ণপুর গ্রামে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। মাঠ দিবসে মৎসজীবি সংগঠনের অন্যতম সংগঠক সাধন হালদারের সভাপতিত্বে মাঠ দিবসের অনুষ্ঠানে অতিথি হিসাবে ছিলেন এশিয়ান টিভির জেলা প্রতিনিধি মোঃ আজাদ হোসেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন বিএনপির পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের সভাপতি শফিউল্লাহ শফি, সাধারণ সম্পাদক আজিবার রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দর্শনা সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক হানিফ মন্ডল, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, মনিরুজ্জামান মনি, সাংবাদিক মামুন, ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক নির্মল দাস, সিনিয়র সমন্বয়কারী মোঃ কামরুজ্জামান যুদ্ধ ও মৎস কর্মকর্তা আবু সাই।

মাঠ দিবসের অনুষ্ঠানে বক্তারা বলেন বিগত দিনে বাংলার মানুষ ছিলো মাছে-ভাতে বাঙ্গালী । এই প্রথা এখন অতিত ও স্মুতিময়। তবে বর্তমানে এখনো এই বাংলায় নদ-নদী,খাল- বিল, বাওড় ও পুকুরসহ যত ধরনের জলাশয় আছে তা যত্রতত্র ভাবে অপরিকল্পিত ভাবে চাষ না করে বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে যদি চাষ করা যায় তাহলে বিদ্যমান যে জলাশয় আছে তা দিয়েই মাছের চাহিদা পুরন করা সম্ভব। এজন্য সরকারের পাশাপাশি ওয়েভ ফাউন্ডেশন যেমন মৎসহ উন্নয়ন ও প্রযুক্তি সম্প্রসারনের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে কাজ করছে তেমনি ভাবে মৎসজীবিসহ সমাজের বিভিন্ন শ্রেনীপেশার মানুষের এক্যবদ্ধ সমর্থন ও সহায়তা রকার। আর এই সম্মিলিত প্রয়াশের মাধ্যমে এেকিক যেমন মাছের চাহিদা পুরণ হবে ও অন্য দিকে পুষ্টির ঘাটতি পুরণ হবে।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে মাঠ দিবস

পলাশীপাড়া সমাজ কল্যণ সমিতি (এসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত কৃষিখাত এর আওতায় উন্মত জাতের ধান চাষের ওপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়। উচ্চ ফলনশীল নতুন জাতের ব্রি ধান ১০০ ওপর আয়োজিত উক্ত মাঠদিবসের সদস্য পর্যায়ে নতুন জাতের জিংক সমৃদ্ধ ধান চাষাবাদ পদ্ধতি, বীজ তলা তৈরি, সার ব্যবস্থাপনা, সেচ ব্যবস্থাপনা, রোগ পোকামাকড় এবং ধান সংগ্রহ ও সংরক্ষন সম্পকে আলোচলা করেন, আব্দুর রউফ উপজেলা সম্প্রসারণ কৃষি কর্মকর্তা, গাংনী উপজেলা, মেহেরপুরে এছাড়াও মাঠ দিবসে আলোচনা করেন সংস্থার কৃষি কর্মকর্তা মোঃ জুয়েল বিশ্বাস, সমন্বিত কৃষি ইউনিট , গাংনী , মেহেরপুর।

সদস্যদের মাঝে প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল কৃষকের ক্ষেত পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। এ সময় সংস্থার কর্মকর্তা কৃষক কৃষাণী ও এলাকাবাসী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিপ্তরের আয়োজনে মাঠ দিবস

আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিপ্তর কতৃক আয়োজিত ২০২৩/২৪ অর্থবছরে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় মাঠ দিবস অনুষ্টিত।

গতকাল সকাল সাড়ে ১০ টার সময় হারদী কুয়াতলা মহাম্মদপুর গ্রামে মাঠদিবস অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা কৃষি অফিসার

রেহেনা পারভীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা খামার বাড়ীর তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের প্রকল্প পরিচালক আরশেদ আলী।

প্রধান অতিথি বলেন আমরা পরিক্ষা মুলক ভাবে তেলজাত দ্রব্য বিশেষ করে শরিষার তেল উৎপাদনে সফল হয়েছি। আপনারা সয়াবিন তেলের পরিবর্তে শরিষার তেল দিয়ে রান্না করেন, এতে খাটি তেল যেমন পাবেন, তেমন ভেজাল তেল খাওয়া থেকে বিরত থাকতে পারবেন, সোয়াবিন তেল উৎপাদন করতে ৩ কেজি প্রকৃত সোয়াবিন লাগে, প্রতিকেজি সোয়াবিনের দান ১ শত টাকা তাহলে এক কেজি সোযাবিন তেল করতে খরচ হয় ৩ শত টাকা। দেশে কি কোন পাগল আছে যে ৩ শত টাকা খরচ করে ১২৫ টাকা কেজি তেল বিক্রয় করবে, তাহলে ঐ তেলে অবশ্যই ভেজাল তেল মেশান হচ্ছে,তাই আসুন ভেজাল না খেযে খাটি শরিষার তেল খাই, আমরা সারা দেশে কয়েকটি এলাকা শরিষা চাষের আওতায় এনেছি তার মধ্যে আলমডাঙ্গা উপজেলা একটি, তাই আমি মনে করি আপনারা বিশেষ করে এই অঞ্চলের চাষি ভাইয়েরা ভাগ্যবান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ,যশোর কৃষি সম্প্রসারণ অফিসের মনিটরিং অফিসার কৃষিবিদ হীরক কুমার সরকার, অতিরিক্ত উপ-পরিচালক কাইছার ইকবাল, বীর মুক্তিযোদ্ধা রবিউল ইসলাম। উপ-সহকারি কৃষি অফিসার আরিফুল ইসলামের উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা কৃষি অফিসার রেহানা পারভীন।

এ ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপসহকারী কৃষি অফিসার আবদুস সামাদ, বক্তব্য রাখেন উপ সহকারী কৃষি অফিসার এ বি এম মমিন অর রশিদ, আব্দুস সামাদ মন্টু, অঞ্জিরা খাতুন, মুরতুজা জামান, কৃষক হুমায়ুন কবির, উপ-সহকারি কৃষি কর্অমকর্তা, খাদেমুল বাসার, আমজাদ হোসেন, নজরুল ইসলাম, সেলিনুর রহমান, কৃষক হুমাযন প্রমুখ। সভা শেষে অটোমেটিক সরিষা ভাঙ্গানো মেশিন দিয়ে তেল তৈরি করার পদ্ধতি শেখানো হয়।

গাংনীতে উত্তম ব্যবস্থাপনায়

মাছ চাষে মাঠ দিবস

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় জোড়পুকুরিয়া গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

উত্তম ব্যবস্থাপনায় অফ- ফ্লেভার মুক্ত পাঙ্গাস এ তেলাপিয়া চাষ প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়।

এ সময় উপস্থিত চাষীদের পুকুরে প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ-প্রতিকার, মাছ চাষের সাধারণ সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়।

এছাড়াও খাদ্য ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ ও পানি পরীক্ষার গুরুত্ব তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

দামুড়হুদায় কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস

দামুড়হুদায় রবি মৌসুমে যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৪ টার দিকে লোকনাথ পুর বাসস্টান্ডে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

লোকনাথপুর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ও সাবেক মেম্বার আশাদুল হক সেন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

এ সময় প্রাধান অতিথি বলেন, লাউয়ের পাতা সবুজ ও নরম হয়। পুরুষ ও স্ত্রী ফুল যথাক্রমে রোপণের ৪২-৪৫ দিন এবং ৫৭-৬০ দিনের মধ্যে ফুটে। হালকা সবুজ রঙয়ের ফলের আকৃতি লম্বা (৪০-৪৫) এবং বেড় প্রায় ৩০-৩৫ সেমি.। প্রতি ফলের ওজন দেড় থেকে ২ কেজি। প্রতি গাছে গড়ে ১০-১২টি ফল ধরে। চারা রোপণের ৬০-৭০ দিনের মধ্যে প্রথম ফল তোলা যায়। লাউ প্রধানত শীত মৌসুমের। শীতকালে ফলন বেশি। এটি উচ্চতাপ ও অতিবৃষ্টি সহিষ্ণু ফলে সারা বছরও জন্মানো যায়। বাংলাদেশের সব এলাকায় সারা বছরই এর চাষ করা যায়। শীতকালীন চাষের জন্য ভাদ্রের প্রথমে আগাম ফসল হিসেবে চাষ করা যাবে।

১০০ গ্রাম লাউয়ে ১৫ ক্যালরি ও ০.১ গ্রাম ফ্যাট থাকে। এতে ভিটামিন সি ও সামান্য বি ভিটামিন, আয়রন, সোডিয়াম এবং পটাসিয়াম ও থাকে। লাউয়ে ভালো পরিমাণে দ্রবণীয় ও অদ্রবণীয় ফাইবার এবং জল থাকে। তাই লাউ পরিপাকে এবং পরিপাক সম্পর্কিত সমস্যা যেমন- কোষ্ঠকাঠিন্য, পেট ফাঁপা ও এসিডিটির সমস্যা সমাধানে সাহায্য করে।

এ ছাড়া আরো উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, উপসহকারী কৃষি অফিসার জালাল উদ্দীন, উপসহকারী কৃষি অফিসার মুকুল হোসেন ও এলাকার নারী পুরুষ কৃষকসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীতে মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের আওতায় করমদি গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

অনুপুষ্টি সম্পন্ন দেশীয় ছোট প্রজাতির মাছ চাষ প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার মৎস্য চাষী ও সংস্থার কর্মকর্তাবৃন্দ।

এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে দেশি মাছ চাষের গুরুত্ব,

গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তি স্থানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির আয়োজনে মাঠ দিবস

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় গোপালনগর গ্রামে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুরে মাছের পোনা চাষে উদ্যোক্তা তৈরি প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান, যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর। এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে পোনা মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তিস্থান, মাছের সাধারণ সমস্যাবলীসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়।

এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে

মাঠ দিবস অনুষ্টিত

মেহেরপুর জেলার গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় প্রাণিসম্পদ মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে গাংনী শাখার হিজলবাড়িয়া গ্রামে ৭৫ জন খামারি নিয়ে নিবিড় পদ্ধতিতে মাচায় খাসি মোটাতাজা করণ বিষয়ে “প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ খামার দিবসে খাসি মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে খাসি মোটাতাজা করা যায়, খাসি মোটাতাজা করণের জন্য সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, খাসি মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়।

এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (পিপিআর,এফএমডি, তড়কা,এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ,এফএমডি, তড়কা, পিপিআর রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা,মাচায় ছাগল পালনের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়।

উক্ত খামার দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ।উক্ত খামার দিবস বাস্তবায়নে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ)।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জীবিদের মাছ চাষকে লাভজনক করার লক্ষ্য স্বল্প মুল্য ফিস ফিডর উদ্যাক্তা তৈরীতে মাঠ দিবস অনুষ্টিত হয়।

মাঠ দিবসে ইউনিয়নের প্রায় ছোটবড় একশত জন মৎসজীবি অংশগ্রহন করেন। মাঠ দিবস বিভিন্ন পর্যায়ের মৎস কর্মকর্তারা কিভাবে মৎসজীবিরা স্পল্প মুল্য ফিসফিড তৈরী করতে পারে তার কলা- কৌশল ও প্রক্রিয়া হাতেকলমে শিখায়ে দেয়। আধুনিক পদ্ধতিতে মাছচাষ করে কিভাবে লাভজনক হওয়া যায় সে বিষয়ে কর্মকর্তারা বিস্তারিত আলোচনা করেন।

আলোচনা শেষে মৎসজীবিদের সামনে একজন উদ্যাক্তা বড় বড় কোম্পানির উচ্চ মৃল্যর ফিস ফিড বাজার থেক না কিনে তার কেনা ছোট মেশিনে কিভাবে তিনি ফিড তৈরী করে মাছ চাষ করছেন তার ডেমী তুলে ধরেন।

মাঠ দিবস অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হানিফ মন্ডল।

এছাড়াও উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডশনের সহকারী পরিচালক কিতাব আলী, সিনিয়র সম্বয়কারী ও দর্শনা প্রেস ক্লাবের সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ ও ওয়েভ ফাউন্ডশনের মৎস্য কর্মকর্তা এবিএম আরমান হুসাইন।